



বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা) ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ওয়েবসাইট: www.berc.org.bd

নং-২৮.০১.০০০০.০১২.১৭.০০২.২১.১৩৬৬

তারিখ: ২৯ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
১২ এপ্রিল ২০২১ খ্রিষ্টাব্দ

ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূল্যহার বিজ্ঞপ্তি

ভোক্তাপর্যায়ে এলপিগ্যাসের মূল্যহার নির্ধারণ/পুনঃনির্ধারণ বিষয়ে রীট পিটিশন নম্বর-১৩৬৮৩/২০১৬ এর পরিপ্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগের ২৫ আগস্ট ২০২০ তারিখের আদেশ এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২ (খ) এবং ৩৪ এ প্রদত্ত দায়িত্ব ও ক্ষমতাবলে বেসরকারি এলপিগ্যাস মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সী/অটোগ্যাস স্টেশন লাইসেন্সী কর্তৃক সরবরাহকৃত অটোগ্যাসের ভোক্তাপর্যায়ে মূল্যহার নিম্নলিখিতভাবে নির্ধারণ/পুনঃনির্ধারণ করা হলো:

**অটোগ্যাসের ভোক্তাপর্যায়ে নির্ধারিত/পুনঃনির্ধারিত মূল্যহার-২০২১
(মার্চ, ২০২১ এর Saudi CP^১র ভিত্তিতে)**

ক্রমিক নং	বিবরণ	নির্ধারিত/পুনঃনির্ধারিত মূল্যহার (টাকা/লিটার ^১)
ক	১ Saudi Contract Price (Saudi CP) ^২	২৮.৫২
	২ জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ	৪.৪৮
	৩ অন্যান্য চার্জ ^৩	০.৩০
	৪ ইমপোর্ট প্যারিটি প্রাইস (১+২+৩)	৩৩.৩০
খ	এলপিগ্যাস মজুতকরণ চার্জ	২.৬৩
গ	এলপিগ্যাস মজুতকরণ পরবর্তী মূল্য, কর-পূর্ব (ক৪+খ)	৩৫.৯৩
ঘ	মুসক ^৪	২.৭৪
ঙ	এলপিগ্যাস মজুতকরণ পরবর্তী মূল্য, কর-উত্তর (গ+ঘ)	৩৮.৬৭
চ	পরিবহন চার্জ	১.২৫
ছ	স্টেশন চার্জ	৮.০০
জ	ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূল্যহার (প্রতি লিটার) (ঙ+চ+ছ)	৪৭.৯২

^১প্রোপেন এবং বিউটেনের অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় এলপিগ্যাসের Specific Gravity ০.৫৫৫৫ হিসেবে ১ কেজি এলপিগ্যাস = ১.৮০০২ লিটার এলপিগ্যাস বিবেচনায়।

^২মার্চ ২০২১ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেনের ঘোষিত Saudi CP যথাক্রমে প্রতি মেট্রিক টন ৬২৫ মার্কিন ডলার এবং ৫৯৫ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৬০৫.৫০ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ৮৪.৮০/- টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি বিবেচনায়, যা Saudi CP^১র ভিত্তিতে ২৯ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ/১২ এপ্রিল ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ # ২০২১/০১ এর অনুচ্ছেদ ৮.৬ অনুযায়ী পরিবর্তিত হবে।

^৩ল্যান্ডিং চার্জ, লেডি চার্জ, রিভার ডিউজ, কাস্টম সার্ভে, এলসি চার্জ, ইনস্যুরেন্স চার্জ (মুসকসহ), সিএন্ডএফ কমিশন (মুসকসহ), ডিসপোর্ট ইন্সপেকশন চার্জ (Disport Inspection Charge) এবং পোর্ট চার্জসহ।

^৪জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এর সাধারণ আদেশ নং-০৮.০১.০০০০.০৬৮.২২.০৫০.১৪/৭৯; ০৪ মার্চ ২০২১ অনুযায়ী মজুতকরণ এবং বোতলজাতকরণ পর্যায়ে ৫% এবং ব্যবসায়ী পর্যায়ে ২%, যা উৎপাদন পর্যায়ে উৎপাদনকারি/বোতলজাতকারি কর্তৃক পরিশোধযোগ্য এবং যা Saudi CP^১র ভিত্তিতে পরিবর্তনীয়।

২। নির্ধারিত/পুনঃনির্ধারিত উক্ত মূল্যহার ২৯ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ/১২ এপ্রিল ২০২১ খ্রিষ্টাব্দ হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

কমিশনের আদেশক্রমে,

সচিব, বিইআরসি।

ফোন: ০২-৫৫০১৪০০৭